■ **শোরগোল** পশ্চিম বর্ধমানের জামুড়িয়ায় কারখানার ভিতরে শ্রমিকের ঝুলন্ত দেহ উদ্ধার। ক্ষতিপূরণের দাবি

« লক্ষ্মী প্রতিমা বিক্রির আশায় মৃৎশিল্পী পরিবারের লোকজন। কৃষ্ণনগর পোস্ট অফিস মোড়ে

এই রাজ্য

■ **দাবি** নদিয়ার চাপড়া থানার চারাতলা গ্রামে বাবাকে খুন করার অভিযোগ উঠল ছেলের বিরুদ্ধে

ত্রয়োদশীর পুণ্যতিথিতে বীরভূমের সতীপীঠ কঙ্কালীতলায় ৫১ জন কুমারীকে পুজো »

আরও এক নিখোঁজের দেহ উদ্ধার

এই সময়, কাঁথি: উদ্ধার হলো আরও এক নিখোঁজ পর্যটকের দেহ। লাগাতার তল্লাশির পরে পুরুষোত্তমপুরের সমুদ্র সৈকত থেকে শাহিদ আলম (২৪) নামে ওই পর্যটকের দেহ উদ্ধার করে পূর্ব মেদিনীপুরের মন্দারমণি কোস্টাল থানার পুলিশ। শুক্রবার উদ্ধার হয়েছিল পর্যটক শাহিল খান(২২)-এর দেহ। ওই দিনই গভীর রাতে শাহিদের দেহ উদ্ধার হয়।

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার মন্দারমণির সমুদ্রে স্নান করতে নেমে তলিয়ে গিয়েছিলেন শাহিদ ও শাহিল। দু'জনই হাওড়ার ডোমজুড়ের বাঁকড়ার বাসিন্দা। পুলিশ-প্রশাসনের নজরদারির মধ্যেও মন্দারমণির সমুদ্রে তলিয়ে মৃত্যুর ঘটনা বাড়তে থাকায় ফের পর্যটকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন

মন্দারমণি

উঠেছে। যদিও প্রশাসনের তরফে এর জন্য পর্যটকদের একাংশের বেপরোয়া মনোভাবকে দায়ী করা হয়েছে।

প্রশাসন সূত্রের খবর, সৈকতে নজরদারির জন্যে নুলিয়াদের সংখ্যা বাড়ানো হয়েছে পুজোর আগেই। বর্তমানে ১১০ জন নুলিয়া রয়েছেন সমুদ্রে নজরদারি ও উদ্ধারকার্যের জন্যে। স্নানের ঘাট নির্দিষ্ট করে দেওয়ার পাশাপাশি সৈকতের বিপজ্জসক বা দুর্ঘটনাপ্রবণ এলাকাগুলি চিহ্নিত করে দেওয়া হয়েছে পুলিশের তরফে।

ডিএসপি (ডিঅ্যান্ডটি) মোহিত মোল্লা বলেন, 'পুলিশ ও প্রশাসন পর্যটকদের সব ধরনের সহযোগিতা ও নিরাপত্তা দিতে প্রস্তুত। তবে পর্যটকদের একাংশ প্রশাসনের সতর্কতাকে গুরুত্ব না দিয়ে বেপরোয়া হতে গিয়েই এমন ঘটনা ঘটছে।'

নিখোঁজ ছেলের খোঁজ দিতে টোপ

এই সময়, সিউড়ি: নিখোঁজ মানসিক ভাবে অসুস্থ ছেলেকে ফিরিয়ে দেওয়ার নামে হরিণের ছাল, দুধ ও তন্ত্রসাধনার সামগ্রী অথবা টাকা দাবির অভিযোগে সিউড়ি থানায় মামলা দায়ের হলো। সিউড়ি থানা এলাকার লাঙ্গুলিয়ার বাসিন্দা বছর বাইশের রঞ্জন বাউড়ি মাস দুয়েক আগে বর্ধমান থেকে নিখোঁজ হন। সেই সংক্রান্ত পোস্টার দেখে একটি অজানা নম্বর থেকে ফোন করে দাবি করা হয়, ছেলেকে ফেরাতে হলে হরিণের ছাল, দুধ, কস্তুরী ও লাল কাপড় দিতে হবে, অন্যথায় কিউআর কোডে সাড়ে তিন হাজার টাকা পাঠাতে হবে।

তরুণের বাবা লাল্টু বাউড়ির বক্তব্য, 'আমাদের ফোন করে বলা হয় যে, ওই জিনিসগুলো না দিলে ছেলে বিক্রি হয়ে যাবে। এ বার আমরা প্রমাণ চাইছি। কিন্তু কিছুই দিচ্ছে না। কেবল ফোন করে জ্বালাতন করছে। তাই থানায় এসেছি।' পোস্টারে থাকা নম্বর থেকেই প্রতারণার এই ফাঁদ পাতা হয়েছে বলে প্রাথমিক অনুমান পুলিশের।

প্রয়াত সিপিএম নেতা দীনবন্ধু

এই সময়, তমলুক: সিপিএম নেতা ও প্রাক্তন বিধায়ক দীনবন্ধু মণ্ডল শুক্রবার রাতে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে প্রয়াত হয়েছেন। মস্তিষ্কে রক্তক্ষরণের কারণে ৮৫ বছর বয়সে চলে গেলেন তিনি।

জন্ম পূর্ব মেদিনীপুরের নন্দকুমারের দক্ষিণ ধলহরা গ্রামে। ১৯৬৪-তে সিপিএমের সদস্যপদ গ্রহণ করেন। জনপ্রিয় ছিলেন শিক্ষক হিসেবে। পরে দলের সংগঠন বিস্তারে যুক্ত হন।

অত্যন্ত সাদাসিধে, শিক্ষিত ও রুচিশীল মানুষটি ছিলেন 'অজাতশত্রু'। বাড় অমৃতবেড়িয়া হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক দীনবন্ধু গণিতের পাঠ্যবইও লিখেছেন। ১৯৮২ থেকে ১৯৮৭ পর্যন্ত মহিষাদলের বিধায়ক ছিলেন তিনি। দীর্ঘ রাজনৈতিক জীবনে এক বারই বিধায়ক হয়েছিলেন। প্রাক্তন বিধায়ককে শেষ শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন সিপিএমের রাজ্য কমিটির সদস্য পরিতোষ পট্টনায়ক, হিমাংশু দাস, প্রাক্তন বিধায়ক ইব্রাহিম আলি প্রমুখ।

হেরোইন সমেত গ্রেপ্তার

এই সময়, কৃষ্ণনগর: ২০০ পুরিয়া হেরোইন সমেত এক মাদক কারবারিকে গ্রেপ্তার করল নদিয়ার তাহেরপুর থানার পুলিশ। ধৃত মিঠুন জোয়াদ্দারের বাড়ি বাদকুল্লা পালপাড়ায়। পুলিশ সূত্রে খবর, মাদক বিক্রির উদ্দেশ্যে শুক্রবার গভীর রাতে বাদকুল্লা স্টেশন পাড়ায় টোটো নিয়ে ঘাপটি মেরে দাঁড়িয়েছিলেন মিঠুন। তাহেরপুর থানার রেইড পার্টি অফিসারের তৎপরতায় তল্লাশি শুরু হতেই হাতে নাতে ধরা পড়েন তিনি। শনিবার ধৃতকে রানাঘাটের আদালতে পাঁচ দিনের পুলিশি হেফাজত দিয়েছে।

লাইনে রক্ষণাবেক্ষণের কাজ, সময় বদল ৪ ট্রেনের ■ প্রান্তিক স্টেশনের সিদ্ধান্ত নিয়ে প্রশ্নের মুখে রেল কর্তৃপক্ষ

আজ হাওড়া ডিভিশনে বাতিল ৫৯টি লোকাল ও প্যাসেঞ্জার ট্রেন

এই সময়: রেললাইনের রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ, রবিবার ২৫ অক্টোবর হাওড়া ডিভিশনের একাধিক শাখায় ট্রেন চলাচল ব্যাহত হতে চলেছে। পূর্ব রেল জানিয়েছে, মোট ২০টি জায়গায় নির্দিষ্ট সময়ের জন্য রেললাইনে ব্লক নেওয়া হচ্ছে। তার জেরে গোটা ডিভিশনে বাতিল থাকছে ৫৯টি ট্রেন। তা ছাড়া, চারটি ট্রেনের যাত্রার সময় পিছিয়ে দেওয়া হয়েছে। যাত্রাপথে নিয়ন্ত্রণ করা হবে তিনটি ট্রেনকে। এর পাশাপাশি সময় পরিবর্তনের তালিকায় থাকা জামালপুর-হাওড়া কবিগুরু এক্সপ্রেসকেও পথে ৪০ মিনিট নিয়ন্ত্রণ করা হবে।

শনিবার বিকেলে পূর্ব রেলের তরফে জানানো হয়েছে, আজ সকাল থেকে বিকেল পর্যন্ত বিভিন্ন শাখায় রক্ষণাবেক্ষণের কাজ চলবে। হাওড়া-বর্ধমান কর্ড লাইনের লিলুয়া-বেলুড়, মেন লাইনের কোন্নগর-রিষড়া, শেওড়াফুলি-ভদ্রেশ্বর ছাড়াও তারকেশ্বর-মায়াপুর, মগরা, বৈঁচি-মেমারি-সহ বিভিন্ন অংশে ব্লক নেওয়া হবে। বর্ধমান-তালিত, বাঁশবেড়িয়া-ত্রিবেণী, পূর্বস্থলী-পাটুলি, অগ্রদ্বীপ-দাঁইহাট এবং মুর্শিদাবাদ ও বীরভূমের বিভিন্ন অংশেও রেললাইন রক্ষণাবেক্ষণের কাজ চলবে। কোনও কোনও অংশে আজ সকাল সাড়ে ১০টা থেকে বিকেল চারটে পর্যন্ত ট্রেন চলাচলে প্রভাব পড়তে পারে।

হাওড়া থেকে ছাড়ে, এ রকম ট্রেনের সংখ্যাই বাতিলের তালিকায় সব চেয়ে বেশি। হাওড়া স্টেশন থেকে ২২টি ট্রেন বাতিল করা হয়েছে। বর্ধমান থেকে বাতিল হয়েছে ১০টি এবং ব্যান্ডেল থেকে সাতটি ট্রেন। তা ছাড়া কাটোয়া, চন্দননগর সংলগ্ন শাখা এবং অন্য কয়েকটি স্টেশন থেকেও একাধিক ট্রেন চলবে না।

সময় বদল করা হয়েছে চারটি ট্রেনের। জামালপুর-হাওড়া কবিগুরু এক্সপ্রেস নির্ধারিত সময় সকাল ৬টা ২৫ মিনিটের বদলে ছাড়বে সকাল ৭টা ২৫ মিনিটে। বোলপুর শান্তিনিকেতন-হাওড়া এক্সপ্রেস দুপুর ১টা ১৫ মিনিটের বদলে ছাড়বে বিকেল ৩টে ১৫ মিনিটে। রামপুরহাট-শিয়ালদহ মা তারা এক্সপ্রেস ৩০ মিনিট এবং হাওড়া-ধানবাদ কোলফিল্ড এক্সপ্রেস ৪০ মিনিট দেরিতে ছাড়বে।

হাওড়া-আরামবাগ লোকাল, গোড্ডা-শিয়ালদহ মেমু এবং জয়নগর-হাওড়া এক্সপ্রেসকে পথে যথাক্রমে ২৫ মিনিট, এক ঘণ্টা পাঁচ মিনিট এবং ৩০ মিনিট নিয়ন্ত্রণ করা হবে। যাত্রীদের রবিবারের যাত্রার আগে ট্রেনের সময়সূচি যাচাই করে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোন স্টেশন থেকে ক'টি ট্রেন বাতিল

■ হাওড়া	২২	■ আসানসোল	২
■ ব্যান্ডেল	৭	■ অন্ডাল	১
■ মেমারি	২	■ সাহেবগঞ্জ	১
■ কাটোয়া	৪	■ রামপুরহাট	২
■ বর্ধমান	১০	■ আরামবাগ, গোঘাট, পাণ্ডুয়া ও আজিমগঞ্জে ১টি করে	
■ চন্দনপুর	৩		
■ বারুইপাড়া	১		

এক নজরে

- ■ ট্রেন বাতিল — ৫৯টি
- ■ সময় পরিবর্তন — ৪টির
- ■ নির্দিষ্ট নিয়ন্ত্রণের তালিকায় — ৩টি ট্রেন

■ জামালপুর-হাওড়া কবিগুরু এক্সপ্রেসকেও পথে নিয়ন্ত্রণ করা হবে

সাঁতরাগাছি স্টেশনেই যাত্রা শেষ হবে 'রূপসী বাংলা'র

এই সময়, পুরুলিয়া: আর হাওড়া স্টেশনে ঢুকবে না রূপসী বাংলা সুপারফাস্ট এক্সপ্রেস। আজ, রবিবার থেকে এই ট্রেনটির যাত্রা শেষ হবে হাওড়ার সাঁতরাগাছিতেই। প্রতিদিন সকাল ৬টা ২৫ মিনিটে হাওড়া থেকে ছেড়ে ট্রেনটি পুরুলিয়া আসত। বিকেল ৩টে ২৫ মিনিটে পুরুলিয়া থেকে ছেড়ে রাত সাড়ে ৯টা নাগাদ হাওড়া পৌঁছত।

প্রশ্ন উঠেছে, রেলের এই সিদ্ধান্ত কি সাধারণ যাত্রীদের কথা ভেবে? নাকি যাত্রীদের হয়রানির মধ্যে ফেলার জন্য? হাওড়া স্টেশনে অতিরিক্ত ট্রেনের চাপ এড়াতেই রেল কর্তৃপক্ষ এই পদক্ষেপ করেছে বলে জানা গিয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রী থাকাকালীন ২০০০-এর এপ্রিলে এই ট্রেনটি চালু করেছিলেন। পরে ট্রেনটির সঙ্গে হাওড়া-ভুবনেশ্বর ধৌলি এক্সপ্রেসকে জুড়ে দেওয়া হয়। একই ইঞ্জিনে দু'টি ট্রেন হাওড়া থেকে ছেড়ে খড়্গপুরে এসে আলাদা দু'টি রুটে গন্তব্যে বেরিয়ে যেত। ফেরার সময় ট্রেন দু'টি পৃথক ভাবেই হাওড়া পৌঁছত।

২০১১-য় মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রী পদে ইস্তফা দিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীর দায়িত্বভার গ্রহণ করেন। তার কিছুদিন পরে রূপসী বাংলা ট্রেনটিকে হাওড়ার বদলে সাঁতরাগাছিতে স্থানান্তরিত করা হয়। ২০১৪-র লোকসভা নির্বাচনের কিছুদিন আগে রেলমন্ত্রকের নির্দেশে রওনা দেওয়ার স্টেশন সাঁতরাগাছি হলেও রাতে ফিরত হাওড়াতেই। তবে নতুন নিয়মে বিকেলের একমাত্র ট্রেনটি সাঁতরাগাছিতে থমকে যাওয়ায় বিপাকে পড়বেন পুরুলিয়া ও বাঁকুড়ার নিত্যযাত্রীরা।

পুরুলিয়া নাগরিক মঞ্চের সম্পাদক ঋতুরাজ দে-র বক্তব্য, 'রাতে হাওড়ায় পৌঁছনোর সুবিধে তুলে নেওয়া হলো! এ বার রাতে সাঁতরাগাছিতে নেমে হাওড়ায় পৌঁছতে ফের অন্য ট্রেন ধরতে হবে। না হলে বেশি টাকা দিয়ে ক্যাব বুক করতে হবে। তাতে খরচ আরও বাড়বে।'

কটাক্ষ করেছে বিরোধী রাজনৈতিক দলগুলো। প্রাক্তন কংগ্রেস বিধায়ক নেপাল মাহাতো বলেন, 'এর আগে যখন ট্রেনটিকে সাঁতরাগাছিতে স্থানান্তরিত করে দেওয়া হয়েছিল, তখন আমি নিজে রেলমন্ত্রকের সঙ্গে যোগাযোগ করে ট্রেনটিকে ফিরতি পথে হাওড়ায় ফিরিয়েছিলাম। নতুন সিদ্ধান্তে ফের যাত্রীরা খুব সমস্যায় পড়বেন।' জেলা সিপিএম সম্পাদক প্রদীপ রায় একে পুরুলিয়ার প্রতি 'উপেক্ষা ও বঞ্চনা' বলে চিহ্নিত করে বলেন, 'প্রয়াত সাংসদ বাসুদেব আচারিয়ার হস্তক্ষেপে ট্রেনটি ফিরতি পথে হাওড়ায় ফিরেছিল।'

মমতাপন্থী তৃণমূল নেতা সুজয় বন্দ্যোপাধ্যায় এবং পুরুলিয়ার বিজেপি বিধায়ক সুদীপ মুখোপাধ্যায় উভয়েই যাত্রীদের সুবিধের কথা মাথায় রেখে দক্ষিণ-পূর্ব রেল ও সাংসদের হস্তক্ষেপ দাবি করেছেন। সুদীপ নিশ্চিত করেছেন, সিদ্ধান্তের পুনর্বিবেচনার দাবিতে তিনি দক্ষিণ-পূর্ব রেলের জেনারেল ম্যানেজারের সঙ্গে সাক্ষাৎ করবেন।

তৃণমূলকর্মীকে ড্রেনে ফেলে মার

এই সময়, দুর্গাপুর: এক তৃণমূলকর্মীকে ড্রেনে ফেলে বেধড়ক মারধরের অভিযোগ উঠল দুর্গাপুরের স্টিল টাউনশিপের বি-জ়োন অঞ্চলের নিউটন এলাকায়। তৃণমূলের প্রাক্তন শ্রমিক নেতা বান্টি সিংকে কেন্দ্র করেই এই অশান্তির সূত্রপাত। রাজ্যে রাজনৈতিক পট পরিবর্তনের পরে গা-ঢাকা দিলেও অভিযোগ, বিজেপিরই একাংশের সহায়তায় সম্প্রতি তিনি বাড়ি ফেরেন। সে দিনই পদ্ম-কর্মীরা তাঁর বাড়িতে চড়াও হলে পুলিশ তাঁকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। রাতেই ছেড়ে দেওয়া হয়। এতে অসন্তুষ্ট হন স্থানীয় বিজেপি কর্মীরা। এরপরে শনিবার সকালে বিজেপি কর্মীরা বান্টিকে দেখতে পেয়েই ধস্তাধস্তিতে জড়িয়ে পড়েন। তাঁর বাড়িতে চড়াও হয়ে ইট ও ডিম ছোড়া হয়। বাধা দিলে হাতাহাতি শুরু হয়।

স্থানীয় বিজেপি কর্মী দিব্যেন্দু গাইন বলেন, 'তৃণমূলে থাকার সময়ে বিজেপি কর্মী, স্থানীয় বাসিন্দাদের উপরে অত্যাচার করেছে বান্টি ও তাঁর বাহিনী।'

বান্টির বক্তব্য, 'দিব্যেন্দু কী কারণে আমার উপরে হামলা করেছে জানি না। আমি তৃণমূলকর্মী কম, সমাজসেবী বেশি ছিলাম।' বিজেপির জেলা মুখপাত্র সুমন্ত মণ্ডলের দাবি, 'বান্টি একটা সময়ে স্টিল টাউনশিপে সন্ত্রাস করেছে।'

সহকর্মীর শেষযাত্রায় যোগ দিলেন আইসি

এই সময়, জলপাইগুড়ি: পথ দুর্ঘটনার হাত থেকে এক মহিলাকে বাঁচাতে গিয়ে মারা যান জলপাইগুড়ির রাজগঞ্জ থানার সিভিক ভলান্টিয়ার আজিজুল হক (৩৫)। শনিবার তাঁর শেষযাত্রায় অংশ নিলেন থানার আইসি-সহ পুলিশকর্মীরা। জলপাইগুড়ির রাজগঞ্জের বাবুপাড়ার বাসিন্দা আজিজুল দীর্ঘ দিন ধরে রাজগঞ্জ থানায় সিভিক ভলান্টিয়ার হিসেবে কাজ করতেন। শুক্রবার রাতে প্রতিমা নিরঞ্জনের শেষ দিনে তাঁর ডিউটি পড়েছিল মদকপাড়া মোড়ে। ডিউটিরত অবস্থায় এক মহিলাকে বেলাগাম মোটরবাইকের ধাক্কা থেকে বাঁচাতে গিয়ে তিনিও জখম হন। রাস্তায় ছিটকে গিয়ে তাঁর মাথায় আঘাত লাগে। রাজগঞ্জ থানার আইসি অমিতাভ দাস বলেন, 'আজিজুল ওই মহিলাকে বাঁচাতে পারলেও মোটরবাইকের ধাক্কায় মাথায় মারাত্মক ভাবে চোট পান। দ্রুত তাঁকে বেলাকোবা হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখান থেকে শিলিগুড়ি নিয়ে যাওয়ার পথে তাঁর মৃত্যু হয়। এই ঘটনার শোকস্তব্ধ পুলিশকর্মীরা।'

জেলা পুলিশের পক্ষ থেকে আজিজুলের পরিবারকে সাহায্য করা হবে বলে জানিয়েছেন তিনি।

আজিজুলের পরিবারে স্ত্রী, ছোট্ট সন্তান ও বাবা-মা রয়েছেন। শনিবার ময়নাতদন্তের পরে জলপাইগুড়ি থেকে আজিজুলের দেহ বেলাকোবায় নিয়ে যান সহকর্মীরা। বেলাকোবা পুলিশ ফাঁড়ির ওসি অভিজিৎ কুণ্ডু, সমাজকর্মীরা মোটরবাইক নিয়ে শোকযাত্রার মাধ্যমে দেহ বেলাকোবা পুলিশ ফাঁড়িতে নিয়ে গিয়ে শেষ শ্রদ্ধা জানান।

Government of India - Ministry of Railways
Research Designs and Standards Organisation

RDSO রেল অগ্রদূত Transforming Railways

Be an active partner in Nation-Building

Help your Country Upgrade and Evolve into a Technological and Logistic Powerhouse

For development and supply of items, visit RDSO website and see:
- Expressions of Interest
- List of RDSO items with less than 3 vendors

Join the Critical Supply Chain of the Lifeline to the Nation

www.rdso.indianrailways.gov.in

MEET OUR EXPERTS - APOLLO CHENNAI SURGICAL GASTROENTEROLOGY CLINIC @ KOLKATA

Apollo HOSPITALS CHENNAI

CONDITIONS/SYMPTOMS:
- Gall stones
- Gas / Acidity
- Fistula
- Pancreatitis
- Pancreatic stone
- Jaundice
- Liver disese
- Ulcerative colitis
- Colorectal problems of piles
- Gastrointestinal & pancreatic cancer

Prof.Dr. SUDEEPTA KUMAR SWAIN
MS, FMAS, DNB (Sug. Gastro)
Surgical Gastroenterologist & Robotic GI Surgeon

Friday, 30th October 2026

APOLLO HOSPITALS CHENNAI KOLKATA REGIONAL OFFICE, 41A, Room No. 405, 4th Floor, Diamond Prestige Building, Nonapukur Tram Depot, Kolkata-700 017.

For more details Call : 80173 63636 / 62922 33636

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন কলকাতা-এর এক বাসিন্দা

পশ্চিমবঙ্গ, কলকাতা - এর একজন বাসিন্দা বসন্ত রাছ - কে 04.08.2026 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 59C 86011 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি নাগাল্যান্ড রাজ্য লটারির কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "যখন এটি অত্যন্ত প্রয়োজনীয় ছিল, তখন ডিয়ার লটারি আমাকে আর্থিক স্বাধীনতা দিয়েছে। আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাতে চাই যার মাত্র কয়েক দশ টাকা খরচ করে আমাদের ভাগ্য পরীক্ষা করার একটি অনন্য পদ্ধতি প্রদান করেছে। এই ব্যবস্থাটি সত্যিই সহায়ক।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়, তাই এর স্বচ্ছতা প্রমাণিত।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

হাওড়া ডিভিশনে রক্ষণাবেক্ষণ কাজের জন্য ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ

ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য, হাওড়া ডিভিশনের বিভিন্ন শাখায় ২৫.১০.২০২৬ তারিখ (রবিবার) দিনের বেলায় ব্লকের প্রয়োজন হবে, যার বিবরণ নিম্নরূপ ঃ (১) লিলুয়া-বেলুড় শাখায় আপ হাওড়া-বর্দ্ধমান কর্ড লাইনে ১০.২০ ঘঃ থেকে ১৩.২০ ঘঃ পর্যন্ত। (২) কোন্নগর-রিষড়া শাখায় রিভার্স লাইনে ১২.০০ ঘঃ থেকে ১৫.০০ ঘঃ পর্যন্ত। (৩) শেওড়াফুলি-ভদ্রেশ্বর শাখায় রিভার্স মেইন লাইনে ১১.৪৫ ঘঃ থেকে ১৪.৪৫ ঘঃ পর্যন্ত। (৪) তারকেশ্বর-মায়াপুর সিঙ্গেল লাইন শাখায় ১১.২০ ঘঃ থেকে ১৪.২০ ঘঃ পর্যন্ত। (৫) মগরা স্টেশন লিমিটে ডাউন মেইন লাইনে ১১.০০ ঘঃ থেকে ১৪.০০ ঘঃ পর্যন্ত। (৬) বৈঁচি-মেমারি শাখায় ডাউন মেইন লাইনে ১১.১৫ ঘঃ থেকে ১৪.১৫ ঘঃ পর্যন্ত। (৭) কামারকুন্ডু স্টেশন লিমিটে আপ হাওড়া-বর্দ্ধমান কর্ড লাইন-১-এ ১০.৫০ ঘঃ থেকে ১৩.৫০ ঘঃ পর্যন্ত। (৮) বেলমুড়ি-চেরাগ্রাম ব্লক হাট শাখায় আপ হাওড়া-বর্দ্ধমান কর্ড লাইনে ১১.০০ ঘঃ থেকে ১৪.০০ ঘঃ পর্যন্ত। (৯) মসাগ্রাম-পাল্লা রোড শাখায় আপ হাওড়া-বর্দ্ধমান কর্ড লাইনে ১১.০০ ঘঃ থেকে ১২.০০ ঘঃ পর্যন্ত। (১০) বর্দ্ধমান-তালিত শাখায় আপ/২ লাইনে ১১.৩০ ঘঃ থেকে ১৪.৩০ ঘঃ পর্যন্ত। (১১) বাঁশবেড়িয়া-ত্রিবেণী শাখায় আপ লাইনে ১১.৩০ ঘঃ থেকে ১৪.৩০ ঘঃ পর্যন্ত। (১২) পূর্বস্থলী - পাটুলী শাখায় আপ লাইনে ১২.৫০ ঘঃ থেকে ১৫.৫০ ঘঃ পর্যন্ত। (১৩) অগ্রদ্বীপ - দাঁইহাট শাখায় আপ লাইনে ১৩.০০ ঘঃ থেকে ১৬.০০ ঘঃ পর্যন্ত। (১৪) লালবাগ কোর্ট রোড - আজিমগঞ্জ শাখায় আপ লাইনে ১১.৫০ ঘঃ থেকে ১৪.৫০ ঘঃ পর্যন্ত। (১৫) মোরগ্রাম - তকিপুর শাখায় আপ লাইনে ১০.৩০ ঘঃ থেকে ১৩.৩০ ঘঃ পর্যন্ত। (১৬) ভেদিয়া স্টেশন লিমিটে ডাউন লাইনে ১২.৩০ ঘঃ থেকে ১৫.৩০ ঘঃ পর্যন্ত। (১৭) গদাধরপুর - মল্লারপুর শাখায় ডাউন লাইনে ১১.৫০ ঘঃ থেকে ১৪.৫০ ঘঃ পর্যন্ত। (১৮) রামপুরহাট - সাদীনপুর শাখায় ডাউন লাইনে ১১.৩০ ঘঃ থেকে ১৪.৩০ ঘঃ পর্যন্ত। (১৯) নলহাটী - চাতরা শাখায় ডাউন লাইনে ১১.২০ ঘঃ থেকে ১৪.২০ ঘঃ পর্যন্ত। (২০) নগর নবী - পাকুড় শাখায় ডাউন লাইনে ১০.৪৫ ঘঃ থেকে ১৩.৪৫ ঘঃ পর্যন্ত। ফলস্বরূপ, নিম্নলিখিত ট্রেনগুলির চলাচল নিম্নরূপে নিয়ন্ত্রিত হবে ঃ

● **ট্রেন বাতিল (২৫.১০.২০২৬ তারিখ) ঃ হাওড়া থেকে ঃ** ৩৭২৩৫, ৩৭২৪১, ৩৭২৪৩, ৩৭২৪৯, ৩৭২৫১, ৩৭২৫৩, ৩৭৬৫১, ৩৭৬৫৫, ৩৭৬১১, ৩৭৮২৯, ৩৭৮৩৫, ৩৬৮২১, ৩৬৮২৩, ৩৬৮২৫, ৩৬৮২৭, ৩৬০১১, ৩৬০৩১, ৩৬০৩৩, ৩৬০৩৫, ৩৭৯১৭, ৩৭৩৬১ ও ৩৭৩৭৭; **ব্যান্ডেল থেকেঃ** ৩৭২৩৬, ৩৭২৪০, ৩৭২৪২, ৩৭২৪৬, ৩৭২৪৮, ৩৭২৫০ ও ৩৭৭৪৯; **আরামবাগ থেকে ঃ** ৩৭৩৬২; **গোঘাট থেকেঃ** ৩৭৩৭৬; **পাণ্ডুয়া থেকে ঃ** ৩৭৬১৪; **মেমারি থেকে ঃ** ৩৭৬৫২ ও ৩৭৬৫৬; **কাটোয়া থেকে ঃ** ৩৭৭৪৮, ৩৭৯২০, ৬৩০০৮ ও ৫৩০০৯; **আজিমগঞ্জ থেকে ঃ** ৫৩০১২; **বর্দ্ধমান থেকে ঃ** ৩৭৮৩৪, ৩৭৮৩৬, ৩৬৮২৪, ৩৬৮২৬, ৩৬৮৩২, ৩৬৮৩৪, ৬৩৫১৫, ৬৩৫৪৯, ৬৩৫৮৩ ও ৬৩০৬৩; **চন্দনপুর থেকে ঃ** ৩৬০৩২, ৩৬০৩৪ ও ৩৬০৩৬। **বারুইপাড়া থেকে ঃ** ৩৬০১২; **আসানসোল থেকে ঃ** ৬৩৫১৪ ও ৬৩৫৫২; **অন্ডাল থেকে ঃ** ৬৩৫৫০; **সাহিবগঞ্জ থেকে ঃ** ৬৩০৬৪; **রামপুরহাট থেকে ঃ** ৬৩০০৭ ও ৬৩৫৮৪।

● **ট্রেনের পুনর্নির্ধারণ ঃ ১৩০১৬ জামালপুর - হাওড়া কবি গুরু এক্সপ্রেস** (যাত্রা শুরুর তারিখঃ ২৫.১০.২০২৬) ১ ঘণ্টার জন্য পুনর্নির্ধারিত হবে অর্থাৎ জামালপুর থেকে ০৬.২৫ ঘঃ-এর পরিবর্তে ০৭.২৫ ঘঃ তে ছাড়বে এবং পথিমধ্যে মালদা ডিভিশনে ৪০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে; **১২৩৩৮ বোলপুর শান্তিনিকেতন - হাওড়া এক্সপ্রেস** (যাত্রা শুরুর তারিখঃ ২৫.১০.২০২৬) ২ ঘণ্টার জন্য পুনর্নির্ধারিত হবে অর্থাৎ বোলপুর শান্তিনিকেতন থেকে ১৩.১৫ ঘঃ-এর পরিবর্তে ১৫.১৫ঘঃ তে ছাড়বে; **১৩১৮৮ রামপুরহাট - শিয়ালদহ মা তারা এক্সপ্রেস** (যাত্রা শুরুর তারিখঃ ২৫.১০.২০২৬) ৩০ মিনিটের জন্য পুনর্নির্ধারিত হবে অর্থাৎ রামপুরহাট থেকে ১৪.১০ ঘঃ-এর পরিবর্তে ১৪.৪০ঘঃ তে ছাড়বে এবং **১২৩৩৯ হাওড়া - ধানবাদ কোলফিল্ড এক্সপ্রেস** (যাত্রা শুরুর তারিখঃ ২৫.১০.২০২৬) ৪০ মিনিটের জন্য পুনর্নির্ধারিত হবে অর্থাৎ হাওড়া থেকে ১৭.২০ঘঃ-এর পরিবর্তে ১৮.০০ঘঃ তে ছাড়বে।

● **ট্রেনের নিয়ন্ত্রণ (২৫.১০.২০২৬ তারিখ) ঃ ৩৭৩৬৩ হাওড়া - আরামবাগ লোকাল** পথিমধ্যে ২৫ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে; **৬৩১৪২ গোড্ডা - শিয়ালদহ মেমু** পথিমধ্যে ১ ঘণ্টা ৫ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে এবং **১৩০৩২ জয়নগর - হাওড়া এক্সপ্রেস** পথিমধ্যে মালদা ডিভিশনে ৩০ মিনিটের জন্য নিয়ন্ত্রিত হবে।

ব্লক-এর আগের শেষ ট্রেন এবং ব্লক-এর পরে প্রথম ট্রেন

শাখা	ব্লক-এর আগে শেষ ট্রেন	ব্লক-এর পরে প্রথম ট্রেন
হাওড়া - বর্দ্ধমান কর্ড	**৩৬৮১৯** হাওড়া-বর্দ্ধমান লোকাল (ভায়া কর্ড) (হাওড়া ছাঃ ০৮.২৫ ঘঃ)	**৩৬৮২৯** হাওড়া-বর্দ্ধমান লোকাল (ভায়া কর্ড) (হাওড়া ছাঃ ১৩.২০ ঘঃ)
ব্যান্ডেল - কাটোয়া	**৩৭৯১৫** হাওড়া-কাটোয়া লোকাল (হাওড়া ছাঃ ১০.০০ ঘঃ)	**৩৭৭৫১** ব্যান্ডেল-কাটোয়া লোকাল (ব্যান্ডেল ছাঃ ১৪.৩৫ ঘঃ)
ভেদিয়া - বোলপুর শান্তিনিকেতন	**১৩০৫৪** রাধিকাপুর - হাওড়া কুলিক এক্সপ্রেস	**১২৩৩৮** বোলপুর শান্তিনিকেতন - হাওড়া শান্তিনিকেতন এক্সপ্রেস
গদাধরপুর - মল্লারপুর	**১৩০৫৪** রাধিকাপুর - হাওড়া কুলিক এক্সপ্রেস	**১৩০১৬** হাওড়া - জামালপুর কবিগুরু এক্সপ্রেস
পাকুড় - নগর নবী	**১৩০৫৪** রাধিকাপুর - হাওড়া কুলিক এক্সপ্রেস	**১৩০৩২** জয়নগর-হাওড়া এক্সপ্রেস
মোরগ্রাম - তকিপুর	**৬৩৪৩৩** আজিমগঞ্জ - রামপুরহাট মেমু (আজিমগঞ্জ ছাঃ ০৯.১৫ ঘঃ)	**১৩০১৮** আজিমগঞ্জ-হাওড়া গণদেবতা এক্সপ্রেস
লালবাগ কোর্ট রোড-আজিমগঞ্জ	**১৫৬৪৩** পুরী-কামাক্ষ্যা এক্সপ্রেস	**৫৩০৫৩** কাটোয়া-নিমতিতা প্যাসেঞ্জার (কাটোয়া ছাঃ ১৩.০৫ ঘঃ)

বিশেষ দ্রষ্টব্য ঃ স্পেশাল বা দেরিতে চলা ট্রেন এবং পুনরায় কোনও নতুন চালু করা ট্রেন/পার্সেল ট্রেন/টিওডি, যদি থাকে, ব্লক চলাকালীন যাত্রা পথে সেগুলি উপযুক্তভাবে নিয়ন্ত্রিত হবে/পথ পরিবর্তন করে চলবে। যাত্রীদের স্টেশনের পাবলিক অ্যাড্রেস সিস্টেমের ঘোষণা শুনতে অনুরোধ করা হচ্ছে। অসুবিধার জন্য দুঃখিত।

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, হাওড়া

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

पंजाब नैशनल बैंक (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt. of India Undertaking)

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সার্কেল অফিস: এসএএম ডিপার্টমেন্ট - উত্তর ২৪ পরগনা
৪৮-এ, যশোহর রোড, বারাসত (শেঠ পুকুরের কাছে), পশ্চিমবঙ্গ, পিন- ৭০০ ১২৪, ফোন: ০৩৩-২৫৮৪-৪১৬৯ ই-মেল: con24pnsam@pnb.bank.in

ই-নিলামের মাধ্যমে স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য প্রকাশ্য বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং তৎসহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২-এর নিয়ম ৮(৬)-এর প্রয়োগ অনুসারে স্থাবর সম্পত্তির ই-নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি।

এতদ্বারা জনগণের কাছে বিশেষত ঋণগ্রহীতাদের এবং জামিনদাতাদের কাছে সাধারণ ভাবে এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিম্নে বর্ণিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের (সুরক্ষিত পাওনাদারের) কাছে বন্ধকে / অভিযুক্ত থাকা স্থাবর সম্পত্তিগুলি পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক দ্বারা দখল (বাস্তবিক / গঠনমূলক / প্রতীকী— নীচে সম্পত্তির সাথে উল্লেখ করা) নেওয়া হয়েছে, যা কোনও প্রকার ক্ষতিপূরণ ব্যাতিরেকে ঋণগ্রহীতা / জামিনদাতাদের থেকে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের বকেয়া, পরবর্তী সুদ, ব্যয়, খরচ ইত্যাদি টাকা আদায়ের জন্য 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেমন আছে তেমন' শর্তে নীচের ছকে লিখিত নির্দিষ্ট সম্পত্তি অনুযায়ী নির্দিষ্ট তারিখে বিক্রয় হবে। সংরক্ষিত মূল্য এবং অগ্রিম মূল্য (ইএমডি) জমার পরিমাণ নীচের ছকে সম্পত্তি অনুযায়ী উল্লেখ করা আছে। বিক্রয় প্রক্রিয়া নিম্নস্বাক্ষরকারীর দ্বারা সম্পন্ন হবে ই-নিলাম প্ল্যাটফর্মের ওয়েব পোর্টাল (https://baanknet.com) ওয়েবসাইটের মাধ্যমে। জনসাধারণকে নিজে থেকে অথবা কোনও অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে দর দেওয়ার জন্য আহ্বান করা হচ্ছে।

ইএমডি ও নথি জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ২৬.১১.২০২৬ দুপুর ০৩.৫৫ পর্যন্ত

ইএমডি-র মূল্য ব্যাঙ্কনেট পোর্টাল https://baanknet.com-এর মাধ্যমে জমা করতে হবে

অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ:
নির্মল কুমার ঝা, মোবাইল: ৯৫৩৪২ ৮৪৩৯৬, এবং শ্রী মনীষ চট্টোপাধ্যায়, মোবাইল: ৮৫৮২৮ ৬৪৭৮৮, ই-মেল: con24pnsam@pnb.bank.in

ক্রম. নং	ক) ঋণগ্রহীতা / জামিনদাতাগণের নাম এবং ঠিকানা খ) সংশ্লিষ্ট শাখার নাম গ) সম্পত্তির আইডি	সম্পত্তির অবস্থান ও বিশদ বিবরণ	১৩(২) অনুযায়ী বিজ্ঞপ্তিতে বাকি অর্থের পরিমাণ, যে জন্য সম্পত্তি বিক্রি হচ্ছে	ক) সংরক্ষিত মূল্য (লক্ষে) খ) ইএমডি (লক্ষে) গ) দর গুণক (লক্ষে)	ক) ই-নিলামের তারিখ ও সময় খ) দায়ভারের বিবরণ
১.	ক) মেসার্স ভারত শেল্টার স্বত্বাধিকারী: ইফরোজ মেহের মিঃ শরীফ আলম মেসার্স ভারত শেল্টার-এর জামিনদাতা খ) টিটাগড় শাখা গ) PUNBABA40481563	**সম্পত্তি ১:** বাস্তু বিষয়ী সম্পত্তির সমস্ত অংশ সঙ্গে সেখানে থাকা ভবন যার পরিমাপ কম বেশি ৪ কাঠা ১ ছটাক ৮ বর্গফুট এবং আর.এস এবং এল.আর দাগ নং ৪৩১, সম্পর্কিত নিজস্ব এল.আর খতিয়ান নং ১৫৯৭ (পর্চা এবং বাংলার ভূমি অনুযায়ী) মৌজা- মুরাগাছা, জে.এল. নং ৩০, তৌজি নং ১৪৭, ২০৬, ২১২, ২১৩ এবং ২১৫, রে. সা. নং ৭৮ বিলকন্দ ২ গ্রাম পঞ্চায়েত এবং খড়দহ পুলিশ স্টেশনের এক্তিয়ারের এবং সীমার অধীনে এবং এ.ডি.এ.আর অফিস- ব্যারাকপুর; উত্তর ২৪ পরগনা; পশ্চিমবঙ্গ। সম্পত্তিটি রেজিস্ট্রিকৃত সংশ্লিষ্ট দলিল নং ০৪৫৪২, ২০১০ সালের জন্য এ.ডি.এস.আর.- ব্যারাকপুর, বই নং ১, ভলিউম নং ১৭, পৃষ্ঠা ৮৯১ থেকে ৯০৫-এ রেজিস্ট্রিকৃত। **সম্পত্তি ২:** বাস্তু বিষয়ী সম্পত্তির সমস্ত অংশ সঙ্গে সেখানে থাকা ভবন যার পরিমাপ কম বেশি ২ কাঠা ৮ ছটাক ৬ বর্গফুট এবং আর.এস এবং এল.আর দাগ নং ৪৩২, সম্পর্কিত নিজস্ব এল.আর খতিয়ান নং ১৫৯৭ (পর্চা এবং বাংলার ভূমি অনুযায়ী) মৌজা- মুরাগাছা, জে.এল. নং ৩০, তৌজি নং ২১৫, রে সা নং ৭৮ বিলকন্দ ২ গ্রাম পঞ্চায়েত এবং খড়দহ পুলিশ স্টেশনের এক্তিয়ারের এবং সীমার অধীনে এবং এ.ডি.এ.আর অফিস- ব্যারাকপুর; উত্তর ২৪ পরগনা; পশ্চিমবঙ্গ। সম্পত্তিটি রেজিস্ট্রিকৃত সংশ্লিষ্ট দলিল নং ০৪৫৪২, ২০১০ সালের জন্য এ.ডি.এস.আর.- ব্যারাকপুর, বই নং ১, ভলিউম নং ১৭, পৃষ্ঠা ৮৯১ থেকে ৯০৫-এ রেজিস্ট্রিকৃত। **সম্পত্তি:১ এবং সম্পত্তি:২- এর মোট পরিমাপ: ৬ কাঠা ৯ ছটাক ১৪ বর্গফুট।** **সম্পত্তি:১ এবং সম্পত্তি:২- এর সীমানা নিম্নলিখিত ভাবে:** উত্তরে: প্লট নং ৩ যা প্লট নং ৪৩২- এর অংশ, দক্ষিণে: ৮ ফুট চওড়া রাস্তা, পূর্বে: ৮ ফুট চওড়া রাস্তা, পশ্চিমে: প্লট নং ৪৩১ এবং প্লট নং ৪৩৩- এর অংশ। **সম্পত্তিটি মিঃ শরীফ আলমের নামে রয়েছে।** **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	৩৯,৮০,৫২০.০৩ টাকা সঙ্গে ০১.০৮.২০২৬ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং চার্জসমূহ	ক) ২৬০.০০ লক্ষ টাকা খ) ২৬.০০ লক্ষ টাকা গ) ৩.০০ লক্ষ টাকা	ক) ২৬.১১.২০২৬ সকাল ১১:০০ টা থেকে বিকেল ০৪:০০ টা পর্যন্ত খ) ব্যাঙ্কের জানা নেই

নিয়ম ও শর্তাবলী

এই সমস্ত সম্পত্তির বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী ২০০২-এর নিয়ম ও শর্ত অনুযায়ী হবে এবং নিম্নলিখিত শর্তগুলিও লাগু হবে:
১. সম্পত্তিগুলি 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেমন আছে তেমন' শর্তে বিক্রয় হবে।
২. সুরক্ষিত সম্পত্তির যে বিবরণগুলি উপরে প্রকাশ করা হয়েছে তা অনুমোদিত আধিকারিকদের দ্বারা সংগৃহীত সর্বোত্তম তথ্য, কিন্তু এর জন্য অনুমোদিত আধিকারিকরা কোনও ভুল তথ্য বা কোনও তথ্যের অনুপস্থিতির জন্য কোনও রকম কৈফিয়ৎ দিতে বাধ্য থাকবেন না।
৩. সম্পত্তিগুলির বিক্রয় ই-নিলাম প্ল্যাটফর্মের ওয়েবসাইট https://baanknet.com-তে নিম্নস্বাক্ষরকারী দ্বারা সম্পন্ন হবে।
৪. বিক্রয়ের বিস্তারিত শর্তাবলী জানার জন্য অনুগ্রহ করে https://baanknet.com এবং www.pnbindia.in ওয়েবসাইটগুলি দেখতে পারেন।
৫. সম্পত্তি সংক্রান্ত কোনও রকম বিধিবদ্ধ বাকির জন্য ব্যাঙ্ক দায়ী থাকবে না। দরদাতা একক ভাবে সমস্ত রকম করের মূল্য মেটাতে দায়বদ্ধ থাকবেন।

তারিখ: ২৫.১০.২০২৬
স্থান: বারাসত

স্বা/- নির্মল কুমার ঝা, অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক